ENGLISH FOR TODAY

Class 4

Teachers' Edition

National Curriculum and Textbook Board, Dhaka

Prescribed by the National Curriculum & Textbook Board
as a Teacher's Edition for Class Four from the academic year 2013

Writers

Shaheen M. Kabir

A. M. M. Hamidur Rahman

Md. Zulfeqar Haider

Goutam Roy

Illustrator Editor

Hashem Khan

Revised by

Chowdhury Musarrat Hossain Juberi

Md. Shaiduzzaman

Md. Babul Akhter

Abu Hena Mashukur Rahman

National Curriculum & Textbook Board, Dhaka

Contents

		Page
1	About me	2
2	Greetings	4
3	Family	6
4	Family tree, Verb ***to be***	8
5	Classroom language, Sound practice 1	10
6	At the shop, Counting	12
7	Making requests, Numbers and Sound practice 2	14
8	Traffic lights, Numbers	16
9	Traffic rules, Alphabet	18
10	Who's first?, Alphabet	20
11	Say it right!, Alphabet	22
12	Days of the week	24
13	Telling the time	26
14	Mita's day, My day	28
15	Sagar and his family, Wh- words and do / does	30
16	Sagar's week, at / in	32
17	In the park, Present continuous	34
18	Clap your hands	36
19	Food and meals 1	38
20	Food and meals 2	40
21	Food around the world	42
22	Tune up!	44

		Page
23	Write well 1	46
24	Write well 2	48
25	Story: The hen and her chicks	50
26	Write well 3	52
27	Write well 4	54
28	Letter to a friend	56
29	Animals	58
30	Months of the year 1	60
31	Months of the year 2	62
32	Days of the week	64
33	My day, Simple past tense	66
34	SM Sultan	68
35	My trip	70
36	On holiday 1	72
37	On holiday 2	74
38	A holiday letter	76
39	Occupations	78
40	A garment worker's day	80
41	An interview	82
42	Story: The lion and the mouse	84

শিক্ষক সংস্করণের ভূমিকা এবং শিক্ষকের জন্য সাধারণ নির্দেশনা

আমাদের শিক্ষাব্যবস্থায় প্রাথমিক স্তরের শুরু থেকেই স্কুলে ইংরেজি শেখানো হচ্ছে এই উদ্দেশ্যে যেন ছোটবেলা থেকেই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে অনবরত ইংরেজি ভাষা চর্চার মাধ্যমে ক্রমান্বয়ে এই ভাষার চারটি দক্ষতা অর্থাৎ ইংরেজি শুনে বুঝতে, বলতে, পড়তে ও লিখতে পারা ফলপ্রসূভাবে আয়ত্ব করতে পারে। তারা যেন ভবিষ্যতে বিশ্বায়নের এই যুগে বিভিন্ন পরিস্থিতিতে সহজ ও সাবলীলভাবে ইংরেজি ভাষা ব্যবহার করে অপরের সঙ্গে ভাব বিনিময় করতে সক্ষম হয়।

উপরে উল্লিখিত লক্ষ মনে রেখেই English for Today পাঠ্যপুস্তক লেখা হয়েছে। প্রতি শ্রেণির জন্য নির্ধারিত EfT পাঠ্যপুস্তকের জন্য নির্দিষ্ট শিক্ষক সংস্করণ প্রণয়ন করা হলো এই উদ্দেশ্যে যে, শিক্ষক যেন ভাষা শিক্ষার আধুনিক ধ্যান ধারণার আলোকে EfT পাঠ্যপুস্তকটি শ্রেণিকক্ষে ফলপ্রসূভাবে ব্যবহার করতে পারেন।

শিক্ষক সংস্করণে প্রত্যেকটি Lesson বা পাঠ Curriculum এ উল্লিখিত কোন দক্ষতার কোন অর্জন উপযোগী যোগ্যতার সঙ্গে সম্পর্কিত তা উল্লেখ করা হয়েছে। প্রত্যেকটি Lesson সম্ভাব্য কয়টি Period বা পাঠে পড়াতে হবে এর Learning outcomes বা শিখন শেখানো কার্যাবলী পর্যায়ক্রমে কী হবে, পাঠ চলাকালীন শিক্ষক কখন কী monitor করবেন, ধারাবাহিক এবং পাঠ শেষে মূল্যায়ন কীভাবে হতে পারে এ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেয়া হয়েছে।

উপরে উল্লিখিত বিষয়গুলোর বাইরে শিক্ষক সংস্করণে আরও কয়েকটি বিষয়ে শিক্ষকের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করা হলো:

1. আমাদের মনে রাখতে হবে যে ছোট শিক্ষার্থীরা সেই ভাষাটিই আয়ত্ব করবে যা তারা সারাক্ষণ তাদের চারপাশে শোনে। সেই কারণেই ইংরেজি শিখতে হলে একজন শিক্ষার্থীর জন্য প্রচুর ইংরেজি শোনা এবং বলা বেশ জরুরি। বাংলাদেশের বাস্তবতার প্রেক্ষাপটে শ্রেণিকক্ষে নিজে ইংরেজি ব্যবহার করা এবং শিক্ষার্থীদের বেশি পরিমাণ ইংরেজি বলায় উৎসাহিত করার মাধ্যমে একজন শিক্ষকই পারেন শিক্ষার্থীদের জন্য এই সুযোগটি নিশ্চিত করতে।

2. শিক্ষক নিত্যদিনের প্রয়োজনীয় কিছু অভিব্যক্তি যেমনঃ Greetings, farewell, command, instructions ইত্যাদির ব্যবহার শ্রেণিকক্ষে অনবরত ইংরেজি ভাষায় করবেন এবং তার মাধ্যমে শিক্ষার্থীদেরকে সেই সব ইংরেজি শোনা এবং বলার চর্চার সুযোগ করে দেবেন।

3. পাঠ্যপুস্তকের ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও অন্যান্য বেশিরভাগ Text-ই শিক্ষক প্রথমে জোরে স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে কণ্ঠস্বরের সঠিক ওঠানামা (intonation) ব্যবহার করে পড়ে শোনাবেন যেন শিক্ষককে অনুসরণ করে বলার মাধ্যমে শিক্ষার্থীরা উল্লিখিত বিষয়গুলো আয়ত্ব করতে পারে। এক্ষেত্রে সম্ভব হলে অডিও ব্যবহারের মাধ্যমেও কাজটি করতে পারেন।

4. যেহেতু যে কারও চাইতে শিক্ষকের ইংরেজিই শিক্ষার্থীরা বেশি শুনবে সেহেতু শিক্ষকের উচ্চারণ এবং বাচন ভঙ্গিই তারা অনুকরণ করে আয়ত্ব করবে। সেই কারণে শিক্ষককে যতদূর সম্ভব সহজ স্বাভাবিকভাবে শুদ্ধ ইংরেজি বলতে সচেষ্ট হতে হবে। শিক্ষক সংস্করণের সাথে সম্পূরক Audio , Video material (CD, DVD) এবং সংযুক্ত 'ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা' এ ব্যাপারে বিশেষ সহায়ক হবে।

ইংরেজি বিষয়ের Curriculum এ পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গে Audio , video aid এর ব্যবহার অবশ্য প্রয়োজনীয় বলে উল্লেখ করা হয়েছে। এগুলো সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে শিক্ষককে সচেষ্ট হতে হবে।

5. EFT পাঠ্যপুস্তকের Lesson ভিত্তিক শিখন শেখানো কার্যাবলী শ্রেণিকক্ষে কার্যকর করার সময় শিক্ষার্থীরা যেন পরস্পর বিভিন্নভাবে interact করতে পারে শিক্ষক তা অবশ্যই নিশ্চিত করবেন। এই উদ্দেশ্যে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে Pair work, group work, Chain drill, Role play ইত্যাদি করবেন।

6. Communicative Language Teaching (CLT) Approach এ grammar এর খুঁটিনাটি নিয়ম মুখস্থ ও আয়ত্ব করার ওপর নয়, বরং সরাসরি পরস্পরের সঙ্গে ভাষা ব্যবহারের ওপর জোর দেয়া হয়। তার মানে এই নয় যে grammar কে এখানে অবহেলা করা হয়েছে। শিক্ষক লক্ষ করুন যে, EfT পাঠ্যপুস্তকের বিভিন্ন Lesson এর presentation, input বা practice পর্যায়ে বিভিন্ন grammar items, যেমন- Tense এর বিভিন্ন রূপ, Wh question, yes-no question, modals, parts of speech এমনভাবে একটি গল্প বা ঘটনা বা কথোপকথনের মধ্য দিয়ে উপস্থাপন করা হয়েছে যার ফলে grammar এই বিষয়গুলো নিছক

নীরস rules বা defination এ সীমাবদ্ধ না থেকে ছোট ছেলে মেয়েদের ভাব প্রকাশের জন্য অর্থবহ হয়ে ওঠে। তারা Pair work, group work, Role play ইত্যাদি করার সময় পরস্পরের সঙ্গে ইংরেজিতে কথোপকথনের মাধ্যমে এবং substitution table, matching, gap filling ইত্যাদি exercise করার মধ্য দিয়ে grammar এর নিয়ম কানুন মেনে সঠিক বাক্য গঠন শিখে নেবে।

7. অনেকসময় শিক্ষকের মনে প্রশ্ন জাগে যে ক্লাসে কতখানি বাংলা ব্যবহার করা যাবে। শিক্ষক মনে রাখবেন যে শিক্ষক শ্রেণিকক্ষে যত বেশি ইংরেজি বলবেন শিক্ষার্থীরা তত বেশি ইংরেজি শুনবে এবং তা আয়ত্ব করবে। তবে অনেক সময় দেখা যায় যে শিক্ষকের ইংরেজিতে বলা instruction শিক্ষার্থীরা বুঝতে পারছে না। তবে শিক্ষক instruction টি একবার বাংলায় পরিষ্কারভাবে বুঝিয়ে দেবেন এবং তারপর সঙ্গে সঙ্গে একই instruction অবশ্যই আবার ইংরেজিতে পুনরাবৃত্তি করবেন। তার ফলে বাংলায় যা বলা হলো সেটিকে ইংরেজিতে যে ওভাবে বলা যায় তা শিক্ষার্থীরা নিজের অজান্তেই বুঝতে শিখবে।

8. নতুন শব্দ শেখানোর ক্ষেত্রে শিক্ষকের কয়েকটি বিষয় মনে রাখা প্রয়োজন:

- একটি নতুন ইংরেজি শব্দের অর্থ বোঝাবার জন্য পরিচিত ইংরেজি সহজ শব্দ অথবা synonym/antonym ব্যবহার করে অল্প কথায় তা ব্যবহার করুন।

- যখনই সম্ভব visual aid/ ছবি, ফ্লাশকার্ড, পোস্টার, বাস্তব জিনিস, অভিনয় ইত্যাদি ব্যবহার করুন।

- নতুন শব্দের অর্থ প্রথমেই ব্যাখ্যা করার আগে শিক্ষার্থীদের প্রশ্ন করে দেখুন সেই শব্দটি কেউ জানে কি না। পুরোপুরি না জানলেও কাছাকাছি অর্থ তারা অনুমান করতে পারে।

- প্রশ্ন করে শিক্ষার্থীকে সঠিক অর্থের কাছাকাছি নিয়ে যাওয়াকে অথবা তাদের কাছ থেকে উত্তর বের করে আনাকে elicitation বলে। Elicitation এর ক্ষেত্রে যে ধরনের প্রশ্ন করা যেতে পারে তা হলো: What's this? What am I doing? What's the girl in the picture doing? Is she reading a book? What's the word in English? ইত্যাদি।

তবে মনে রাখবেন যে, কোনো শব্দের অর্থ যখন context বা অঙ্গভঙ্গি বা ছবির মাধ্যমে সহজে বোঝানো যাচ্ছে না, অথচ তারা বাংলা প্রতিশব্দ অথবা বাংলা ব্যাখ্যা দিয়ে সহজেই বোঝানো যায় সেক্ষেত্রে বাংলা ব্যবহার করা অপরাধ নয়।

9. **ডিজিটাল উপকরণের ব্যবহার:** শিক্ষক সংস্করণে পাঠ অনুযায়ী English in Action কর্তৃক প্রস্তুতকৃত English for Today ভিত্তিক অডিও ফাইল নির্দিষ্ট করে দেয়া আছে। শ্রেণিকক্ষে CD/Audio বাজানোর সুবিধা থাকলে আপনি তা বাজাতে পারেন। পাশাপাশি এই CD-তে পেশাগত দক্ষতা উন্নয়ন সম্পর্কিত বেশ কিছু ভিডিও এবং নিজের ইংরেজি ভাষা দক্ষতা উন্নয়ন সম্পর্কিত অডিও অ্যাক্টিভিটি পাবেন। পেশাগত দক্ষতা উন্নয়ন, নিজের ইংরেজি ভাষা দক্ষতা উন্নয়ন এবং ক্লাসরুম অডিও সম্পর্কে বিস্তারিত নির্দেশনার জন্য শিক্ষক সংস্করণে সংযুক্ত 'ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা' দেখুন।

10. ক্লাসকে আনন্দময় করতে পোস্টার ও ফ্লাশকার্ডের ব্যবহার। যেমন:

ফ্লাশকার্ড: আপনার কাছে যদি ফ্লাশকার্ড না থাকে তবে ছোট ছোট মোটা কাগজে ফ্লাশকার্ড তৈরি করে এর ধরন অনুযায়ী আকর্ষণীয়ভাবে শ্রেণিকক্ষে উপস্থাপন করতে পারেন। যেমন: letter card, word card, number card ইত্যাদি সুতা দিয়ে শুকনো গাছের ডালে ঝুলিয়ে উপস্থাপন করা ।

পোস্টার: এক্ষেত্রে পাঠ্যপুস্তকের ছবির অনুরূপ ছবির পোস্টার, অথবা বিভিন্ন বিষয় সংবলিত পোস্টার ব্যবহার করা যেতে পারে। সৃজনশীল grammar exercise করা, গেম খেলা, নতুন শব্দ শেখানো, পাঠের সম্পর্কে ধারণা দেয়া ইত্যাদি কাজ করা যেতে পারে।

11. মনে রাখবেন একজন ভালো ভাষা শিক্ষকের যে সব গুন থাকা দরকার তা হলো ধৈর্য, সহনশীলতা ও আন্তরিকতা। শিক্ষার্থীরা কোনো কিছু বুঝতে না পারলে বা ভুল করলে এমন কি বার বার একই ভুল করলেও শিক্ষকের রাগ বা বিরক্ত হওয়া চলবে না। মনে রাখবেন ভয়, লজ্জা বা গ্লানিবোধ ভাষা শেখার ক্ষেত্রে বিশেষভাবে একটি বড় বাধা হয়ে দাঁড়ায়। ছোট

শিক্ষার্থীদের প্রতি সহজ ভাবেই আন্তরিক হন। অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের এড়িয়ে না গিয়ে তাদের প্রতি বেশি নজর দিন।

পরিশেষে শিক্ষক মনে রাখবেন যে প্রতিটি পাঠ ফলপ্রসূ করার জন্য পূর্ব প্রস্তুতির কোনো বিকল্প নাই। প্রতিটি Lesson এর পূর্বে শিক্ষককে অবশ্যই সেই পাঠটি ভালোভাবে পড়ে জেনে আসতে হবে। সেই সঙ্গে অবশ্যই শিক্ষক সংস্করণটি পড়ুন এবং এটির সাহায্য নিন।

মূল্যায়ন পদ্ধতি

ইংরেজি বিষয়ে শোনা, বলা, পড়া ও লেখা এই চারটি ভাষাদক্ষতা শ্রেণি কার্যক্রম চলাকালীন শিক্ষক সংস্করণের সংশ্লিষ্ট পাঠ বা পাঠ্যাংশে উল্লিখিত ভাষাদক্ষতার শিখনফল শিক্ষক মূল্যায়ন (ধারাবাহিক মূল্যায়ন) করবেন। উল্লেখ্য যে, শিক্ষক শ্রেণি কার্যক্রম পরিচালনা ও মূল্যায়নের জন্য পাঠ সংশ্লিষ্ট অডিও বা ভিডিও ব্যবহার করতে পারেন বিশেষ করে শোনাদক্ষতা ও বলাদক্ষতা মূল্যায়নের জন্য । পাঠ চলাকালীন ও পাঠ শেষে শিক্ষক নিজে বা প্রয়োজনে শিক্ষার্থীকে দিয়ে নীচের বিভিন্ন মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে পাঠ সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়ন করতে পারেন।

শোনা	বলা	পড়া	লেখা
•শিক্ষক নিজে / শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে বা শূন্যস্থান পূরণ করতে বলে। •শিক্ষার্থীদের জেড়ায় বা দলে কথোপকথন বা অভিনয় করতে দিয়ে। •বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (যেমন- Look, say, do, match, recite, point, etc) করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রতিক্রিয়া পর্যবেক্ষণ করে । •বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, wh/ yes/ no questions, requests and to respond, etc) সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অনুসরণ করতে বা লিখতে বা আঁকতে দিয়ে।	• শিক্ষক নিজে বা শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে। • শিক্ষার্থীদের জেড়ায় বা দলে কথোপকথন বা অভিনয় করতে দিয়ে। •বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (যেমন- Look, say, do, match, recite, point, etc) করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বলার স্বক্ষমতা শুনে। •বিভিন্ন নির্দেশ বা প্রশ্নের (simple commands and instructions, wh/ yes/ no questions, requests and to respond, etc) উত্তর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে। •বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, questions, make requests, etc) অন্য শিক্ষার্থীকে বলতে/করতে পারার স্বক্ষমতা পর্যবেক্ষণ করে। •People, objects, events, চিত্র/ ছবি ইত্যাদি সম্পর্কে কিছু বলতে দিয়ে।	• শিক্ষক নিজে বা শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে পড়তে দিয়ে। • বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, wh/ yes/ no questions, requests, etc) বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের বলতে/লিখতে/ করতে দিয়ে। •শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়বস্তু/ অনুচ্ছেদ/গল্প (seen/ unseen) নিরবে পড়তে দিয়ে তার ওপর ভিত্তি করে শূন্যস্থান পূরণ, বহুনির্বাচনী প্রশ্ন, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদির উত্তর বলতে/ লিখতে দিয়ে। •শূন্যস্থান, মিলকরণ ও বহুনির্বচনী প্রশ্ন সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের বলতে /লিখতে দিয়ে।	•শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়বস্তু/ অনুচ্ছেদ/গল্প (seen/ unseen) নিরবে পড়তে দিয়ে তার ওপর ভিত্তি করে শূন্যস্থান পূরণ, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদির উত্তর লিখতে দিয়ে। •বিভিন্ন নির্দেশ বা প্রশ্নের (wh/ yes/ no questions, conversation) উত্তর শিক্ষার্থীদের লিখতে দিয়ে। •শূন্যস্থান, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন ইত্যাদি বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের লিখতে দিয়ে। • Paragraph, composition and letter লিখতে দিয়ে। •চিত্র/ ছবি সম্পর্কে কিছু লিখতে দিয়ে।

ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা

ডিজিটাল উপকরণ শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার পাশাপাশি শিখন শেখানো কার্যক্রমকে আরো কার্যকর করতেও সহায়তা করে। এই শিক্ষক সংস্করণের সাথে সরবরাহকৃত ডিজিটাল উপকরণগুলো English in Action (EIA) কর্তৃক উন্নয়ন করা হয়েছে। এই উপকরণগুলো Communicative Language Teaching (CLT)-এর বিভিন্ন টেকনিক-এর উপর ভিত্তি করে তৈরি করা। *English for Today*'র পাঠের মধ্য দিয়েই এই উপকরণগুলোর সাহায্য শিক্ষার্থীদের ইংরেজি শিখন তরান্বিত করা সম্ভব।

English in Action digital materials

সরবরাহকৃত English in Action-এর ডিজিটাল উপকরণগুলো এসডি কার্ড/সিডি থেকে আপনি মোবাইল ফোন বা কম্পিউটারের মাধ্যমে ব্যবহার করতে পারেন। এই এসডি কার্ড/সিডিতে মোট তিনটি মূল ফোল্ডার রয়েছে:

1. Classroom: এই ফোল্ডারটি ক্লাসে শিক্ষার্থীদের অডিও শোনানোর জন্য।

- এখানে শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য ১ম থেকে ৫ম শ্রেণির প্রতিটি পাঠের জন্য dialogue, story, rhyme, song ইত্যাদির অডিও রয়েছে;
- অডিও ফাইলের নাম *English for Today*'র পাঠের সাথে মিল করে রাখা হয়েছে। যেমনঃ Class 4, Unit 42, Lesson 1-2, Audio A'র ফাইলের C4 U42 L1-2 A.
- Extra ফোল্ডারে অনেকগুলো song রয়েছে যা শ্রেণিতে ব্যাকরণ (grammatical structure) শেখানোর জন্য ব্যবহার করতে পারেন।
- এই ফোল্ডারে এক সেট ডিজিটাল পোস্টারও রয়েছে। স্কুলে যদি প্রজেক্টরের ব্যবস্থা থাকে তবে এই পোস্টারগুলো আপনি শ্রেণিতে ব্যবহার করতে পারবেন।

2. Teacher:এই ফোল্ডারটি শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার জন্য।

এখানে ভিডিও এবং অডিওর সমন্বয়ে তৈরি ২টি সিরিজের সমন্বয়ে ১২টি ইউনিটের ফোল্ডার রয়েছে। Series 1-এ ইংরেজি শিক্ষাদানের বিভিন্ন কৌশলগুলোকে প্রাথমিকভাবে পরিচয় করানো হয়েছে। আর Series 2-তে কৌশলগুলোকে আরো বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।

এই ভিডিওগুলোতে শ্রেণিতে ইংরেজি পড়ানোর বিভিন্ন কার্যকর পদ্ধতির অনেকগুলো উদাহরণ দেখতে পাবেন। পাশাপাশি, English in Action-এর নির্দিষ্ট কৌশল ব্যবহারের ক্ষেত্রে কয়েকজন অভিজ্ঞ শিক্ষকের অভিজ্ঞতাও শুনতে পাবেন।

- সবগুলো ভিডিওতেই *English for Today*'র লেসন ব্যবহার করা হয়েছে এবং বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছেন।
- ভিডিওগুলোতে একজন English in Action গাইড টেকনিকগুলো বর্ণনার সাথে সাথে কীভাবে এই টেকনিকগুলো শ্রেণিতে ব্যবহার করা যায়, সে বিষয়েও পরামর্শ দেবেন।
- Supplementary ফোল্ডারে Communicative Language Teaching-এর বিভিন্ন টেকনিকের ভিডিও এবং Extra ফোল্ডারে কিছু ক্লাসরুম অ্যাক্টিভিটি রয়েছে যা আপনি বিভিন্ন লেসন পরিচালনায় ব্যবহার করতে পারেন।
- Phrases নামে আরেকটি ফোল্ডারে অ্যাক্টিভিটি ভিত্তিক Classroom instruction এবং phrase-এর অডিও রয়েছে যা আপনি সরাসরি শ্রেণিতে ব্যবহার করতে পারবেন।

3. EL4T (English Language for Teacher): এই ফোল্ডারটি শিক্ষকদের ইংরেজি ভাষা-দক্ষতা উন্নয়নের জন্য self-study উপকরণ।

- **PLAs:** এই ফোল্ডারে শিক্ষকদের ইংরেজি শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের জন্য ৩০টি Primary Learning Activity বা (PLA) লেসন রয়েছে।

- **Extra:** এই ফোল্ডারে রয়েছে BBC Pron এবং BBC Vocab নামে দুটো ফোল্ডার। BBC Pron ফোল্ডারে রয়েছে Pronunciation প্র্যাকটিসের জন্য ২৫টি অডিও ফাইল। আর BBC Vocab ফোল্ডারে রয়েছে ইংরেজি Vocabulary প্র্যাকটিসের জন্য ৩৮টি অডিও ফাইল।

Use of digital materials

শ্রেণিকক্ষে অডিও ব্যবহার

- শ্রেণিতে অডিও বাজানোর পূর্বে অডিওটি কখন শোনাবেন, কোথায় *Pause* দেবেন বা শিক্ষার্থীদের নিয়ে কীভাবে অনুশীলন করবেন তা আগে থেকে ঠিক করে রাখা ভালো। সব ক্ষেত্রেই অডিও বাজানোর আগে অডিওর বর্ণনা বা অডিওর সঙ্গে সম্পর্কিত পাঠ্যপুস্তকের চিত্র/ছবি নিয়ে আলোচনা করে অথবা অডিওতে ব্যবহৃত শব্দগুলোর অর্থ বোঝানোর মাধ্যমে শিক্ষার্থীদের অডিও শোনার জন্য প্রস্তুত করে নিন।

- শ্রেণিতে অডিও ব্যবহারের সময় যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে:

  - ছোট আকারের অডিওগুলো একটানা বাজিয়ে শোনাতে পারেন। আর বড়ো আকারের অডিওগুলোতে কিছুক্ষণ পর পর pause (বিরতি) দিয়ে বাজানোই ভালো। তবে বাজানোর পর শিক্ষার্থীরা তা বুঝতে পারল কি না তা অবশ্যই যাচাই করে নিন। প্রয়োজনে অডিওটি একাধিকবারপ্লে করুন।

  - Song বা rhyme'র ক্ষেত্রে প্রতিটি লাইন প্রথমে নিজে বলে দিয়ে শিক্ষার্থীদের দিয়ে গাওয়াতে পারেন। আবার কোনো কোনো ক্ষেত্রে song ও rhyme'র সাথে অঙ্গভঙ্গির ব্যবহারও (Gesture) বেশ কার্যকর।

পেশাগত দক্ষতা উন্নয়নে ভিডিওর ব্যবহার:

- ভিডিওর টেকনিকগুলো শ্রেণিতে অনুশীলন করার জন্য Series 1, Unit 1 থেকে পর্যায়ক্রমে শুরু করুন; এরপর Series 2 দেখুন।

- প্রতিটি ভিডিও কয়েকবার দেখুন এবং ভিডিও গাইড যে আলোচনা ও প্রশ্নগুলো করছেন সেগুলো নিয়ে ভাবুন;

- প্রতিটি ইউনিটের টেকনিকগুলো ক্লাসে কতদিন অনুশীলন করবেন তা নির্ভর করে সংশ্লিষ্ট ইউনিটের পরিসর ও প্রকৃতির উপর। তবে সবচেয়ে ভালো হয় যদি এক একটি ইউনিট কমপক্ষে এক থেকে দুই মাস অনুশীলন করেন;

ইংরেজি দক্ষতা উন্নয়নের জন্য EL4T চর্চা:

- পাঠগুলো পর্যায়ক্রমে শুরু করা ভালো, কারণ এগুলো সহজ থেকে ধীরে ধীরে কঠিনের দিকে যাবে।

কার্যকর ফলাফলের জন্য সহকর্মীর সঙ্গে কাজ করা

- English in Action উপকরণগুলো Self-study উপকরণ হলেও আমরা আশা করি আপনি নিয়মিতোভাবে একজন সহকর্মী বা পার্টনারের সাথে কাজ করবেন; এক্ষেত্রে একসঙ্গে বসে ভিডিওগুলো দেখা, আলোচনা করা, পাঠ পরিকল্পনা করা এবং সম্ভব হলে একে অপরের শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম পর্যবেক্ষণ করা খুবই কার্যকর উপায়।

INDEX: Teachers Professional Development Materials ('TEACHER' folder)

UNITS	SERIES 1		UNITS	SERIES 2
UNIT 01	**Use English to teach English:** Introducing the course and emphasis on using English as much as possible in the classroom		UNIT 01	**Make the lesson fun for everybody:** Using classroom instructions and games for teaching in a relaxed and friendly way.
UNIT 02	**Make the pupils do the work:** Reducing teachers' talk time and increasing pupils' talk time through engaging pupils to communicate with each other		UNIT 02	**Let pupils talk more:** Getting pupils to participate in deciding the content of an Activity and help them in communicating more with each other
UNIT 03	**Teach new words by showing and doing:** Ways to teach new vocabularies and their uses in sentences		UNIT 03	**Ask questions to teach new words:** Using questions and answers in English to teach new vocabulary to enhance pupils' understanding and pronunciation
UNIT 04	**Pupils talk to pupils :** Different types of pair-work, miming and role plays		UNIT 04	**More ways to get pupils communicating:** More ways to get pupils asking and answering questions and role play activities
UNIT 05	**Let's sing together :** Using songs with actions to increase pupils' understanding		UNIT 05	**Work together in small groups:** Assessing pupils' problems with English as well as correcting pupils' errors
UNIT 06	**Grammar for communication:** Teaching new grammar structures in communicative ways		UNIT 06	**More ways to teach new grammar:** More ways to teach new grammar in the textbook using Communicative Language Teaching
UNIT 07	**Let's start reading:** Starting to read whole words through saying and joining the sounds of letters with games and other activities		UNIT 07	**Developing reading skills:** Scanning a text to find information and use of Audio recordings with reading tasks
UNIT 08	**What are we reading and why are we reading it?** Teaching new words before reading a text and checking comprehension of the text		UNIT 08	**More ways to use reading texts:** Activities based on finding information in the reading text and also listening and reading at the same time with class 3 to 5

UNITS	SERIES 1		UNITS	SERIES 2
UNIT 09	**First steps in writing :** Forming letters in the correct way following to start writing the whole words and short sentences		UNIT 09	**More ways to make writing and reading fun:** Engaging pupils in writing and reading Activity with fun and enjoyment
UNIT 10	**Understanding What we write:** Making sure pupils understand What they are writing, and why they are writing it along with helping them to compose their own sentences		UNIT 10	**Writing for communication:** An Activity based on pupils choosing and writing single words as well as short compositions
UNIT 11	**Different types of listening:** Activities based on listening for the main points and gradually listening for details		UNIT 11	**Writing for communication:** An Activity based on pupils choosing and writing single words as well as short compositions
UNIT 12	**Revision with posters and flashcards:** Revision activities with posters and flashcards		UNIT 12	**A revision lesson:** A series of Activity formats from this course combined to make a revision lesson

INDEX: English Language for Teachers Materials ('EL4T' folder)

Activity	Topic of the Activity		Topic of the Activity
Activity 1	Greetings and introduction	Activity 16	Stories 2
Activity 2	Family and friends	Activity 17	Talking about people
Activity 3	Food and meals	Activity 18	Health
Activity 4	Numbers	Activity 19	Local places
Activity 5	Telling the time	Activity 20	Birds and animals
Activity 6	Your routines	Activity 21	Stories 3
Activity 7	Classroom instruction	Activity 22	Festivals
Activity 8	Pictures and posters	Activity 23	Visiting Dhaka 1
Activity 9	Daily routine	Activity 24	Visiting Dhaka 2
Activity 10	Shopping	Activity 25	Travelling around Bangladesh
Activity 11	Stories 1	Activity 26	Relationships
Activity 12	My country	Activity 27	Technologies
Activity 13	Countries and Nationalities	Activity 28	Helping your family
Activity 14	Jobs	Activity 29	Ordinal numbers
Activity 15	Work routines	Activity 30	Stories 4

A. Look, listen and say.

B. Pairwork. Ask and answer.

What's your name?

What class are you in?

How old are you?

Where are you from?

Where do you live?

What is the name of your school? (Ask more questions)

C. Write the answers to the questions from Activity B in your exercise book.

About me

Attainable Competencies: Students will be able	**Learning outcomes: Students will be able to**
Listening :	**Listening :**
1.1 to recognize sound differences in the context of words.	1.1.1 recognize sound differences in the context of words.
1.4 to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements.	1.4.1 recognize and use intonation patters for Wh-and Yes/No questions, greetings and statements.
3.1 to understand questions asked by the teacher about the students.	3.1.1 understand questions asked by the teacher about students.
3.4 to understand statements made by the teacher and students.	3.4.1 understand statements made by the teacher and students.
Speaking :	**Speaking :**
1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.	1.1.1 repeat after the teacher and say words, phrases and sentences with proper sounds, stress and intonation.
2.1 to exchange greetings and farewells and make simple self- introductions/ introductions. How do you do?	2.1.2 make simple self introductions/ introductions.
3.1 to ask and answer Wh and Yes/No questions.	3.1.1 ask and answer Wh questions
Writing :	**Writing :**
3.1 to write words, phrases and sentences using non cursive & cursive capital and small letters.	3.1.1 write words, phrases and sentences using non cursive capital and small letters.
8.1 make sentence using words and phrases, following instructions.	8.1.1 make sentences using words.

পাঠ বিভাজন : এই Lesson পড়াতে তিনটি পিরিয়ডের প্রয়োজন হবে।

পিরিয়ড : ১ **পাঠ্যাংশ :** A **পৃষ্ঠা : ২**	**বিষয়বস্তু :** Look, Listen and Say. **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio , কাগজের বল বা খেলনা বল, পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি	**শিখনফল :** Listening: 1.1.1, 3.1.1, 3.4.1 Speaking: 1.1.1, 2.1.2

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের নিজের পরিচয় দিন। তাদের বলুন, "My name is .... I am your English teacher."
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের কভারটি দেখিয়ে জিজ্ঞেস করুন What is this? এবং শিক্ষার্থীদের "This is our 'English For Today' Textbook." বলতে উৎসাহিত করুন। প্রয়োজনে তাদেরকে বলতে সাহায্য করুন।

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের নিজের পরিচয় দিন। তাদের বলুন, "My name is ………… I am your English teacher."
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের কভারটি দেখিয়ে জিজ্ঞেস করুন What is this? এবং শিক্ষার্থীদের "This is our 'English For Today' Textbook." বলতে উৎসাহিত করুন। প্রয়োজনে তাদেরকে বলতে সাহায্য করুন।
- পাঠ্যপুস্তকের page 2 খুলুন এবং শিক্ষার্থীদের Activity Aএর ছবিটি দেখান। শিক্ষার্থীদের ছবিটি বর্ণনা করতে বলুন। তাদের ছবিটির পরিস্থিতি, দৃশ্য, এবং ছবিতে কে কী করছে তা বর্ণনা করতে বলুন। কাজটি তাদেরকে জোড়ায় করতে বলুন। যতটা সম্ভব ইংরেজি ব্যবহার করুন।
- Speech bubbles- এর সংলাপগুলো পড়ুন/ অডিও ফাইল প্লে C4U01L1-3A করুন এবং শিক্ষার্থীদের এনোযোগ দিয়ে শুনতে বলুন।
- সংলাপগুলো আর একবার পড়ুন/ অডিওটি আবার প্লে করুন এবং শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে বলতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়ায় সংলাপটি অনুশীলন করতে বলুন। এসময় ক্লাসে ঘুরে ঘুরে তাদের কাজ দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- এবার সকল শিক্ষার্থীকে জিজ্ঞেস করুন, একে অপরের সাথে পরিচিত হতে হলে আমরা কী বলি? শিক্ষার্থীরা বলবে "Hi! I'm ………../ Hello! I'm……. ".
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, What is your name? What do you do? What class are you in? ইত্যাদি।
- শিক্ষার্থীদের উত্তর শোনার পর বলুন, " I am …………. I am …….years old. I am your English teacher. I work in a primary school." এভাবে দুই বার নিজের পরিচয় দিন। বলুন, পরিচয় দেয়ার সময় তিনি নিজের নাম, বয়স, কোন স্কুলে কাজ করেন তা উল্লেখ করেছেন।
- বোর্ডে name, age, class, school শব্দগুলো লিখুন। এবার একজন শিক্ষার্থীকে সামনে ডেকে বোর্ডের শব্দগুলো অনুযায়ী তার পরিচয় দিতে বলুন। বলুন, কাউকে নিজের পরিচয় দেয়ার সময় নাম, বয়স, কোন শ্রেণিতে ও স্কুলে পড়ে তা উল্লেখ করতে হয়। উদাহরণ: "I am …………. I am …….years old. I am a student. I am in class ৪. I read in………School." এভাবে আরও দুই/চারজন শিক্ষার্থীকে নিজের পরিচয় দিতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের জায়গায় বসে তাদের পাশের জনের সাথে অনুশীলন করতে বলুন। এক্ষেত্রে তাদের নিজেদের নাম ব্যবহার করে কাজটি করতে বলুন।
- শিক্ষার্থীরা তাদের জায়গায় বসে একে অপরকে "Hi!/Hello! I'm ……….., I'm from ………, I'm …….years old " বলা অনুশীলন করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।

পিরিয়ড : ২ **পাঠ্যাংশ :** B **পৃষ্ঠা : ২**	**বিষয়বস্তু :** Pairwork. Ask and answer **উপকরণ :** পাঠ্যপুস্তক,CD/Audio	**শিখনফল :** Listening: 1.1.1, 1.4.1, 3.1.1, 3.4.1 Speaking: 3.1.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।

- শিক্ষার্থীদের কীভাবে পরস্পরের সঙ্গে পরিচিত হতে হয় (Hello! I'm…..) তা জুটিতে অনুশীলন করতে কিছুটা সময় দিন। এবার, দুজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং কীভাবে পরস্পরের সঙ্গে পরিচিত হতে হয় (Hello! I'm…..) তা করে দেখাতে বলুন। বলুন, পরিচয় দেয়ার সময় নিজের নাম, বয়স, কোন স্কুলে পড়ে তা উল্লেখ করতে। প্রয়োজনে সহায়তা করুন।
- এভাবে আরও দুই/চারজন শিক্ষার্থীকে নিজের পরিচয় দিতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- সব শিক্ষার্থীদের নিয়ে পরিচয় দেয়ার সময় নিজের নাম, বয়স, কোন শ্রেণি ও স্কুলে পড়ে তা ব্যবহার করে একটি চেইন ড্রিল(Chain drill) অ্যাক্টিভিটি করুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, কাউকে পরিচয় দেওয়ার সময় আমাদের কী কী বলতে হয়? শিক্ষার্থীরা বলবে পরিচয় দেয়ার সময় নিজের নাম, বয়স, কোন শ্রেণি ও স্কুলে পড়ি তা উল্লেখ করতে হয়।
- Activity Bএর প্রশ্নগুলো একটি করে জিজ্ঞেস করুন / C4U01L1-3B অডিওটি প্লে করুন এবং শিক্ষার্থীদের উত্তর দিতে উৎসাহিত করুন। শিক্ষার্থীরা প্রশ্নগুলো বুঝতে পেরেছে কি না তা খেয়াল করুন।
- Activity Bএর প্রশ্নগুলোকে ভিত্তি করে শিক্ষার্থীদের জায়গায় বসে জোড়ায় জোড়ায় Activity Bএর প্রশ্নগুলো একে অপরকে করতে বলুন। শিক্ষার্থীরা কাজটি সুষ্ঠুভাবে অনুশীলন করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন। প্রয়োজনে দুর্বল শিক্ষার্থীদের সনাক্ত করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করুন।
- এক বা দুই জোড়া শিক্ষার্থীকে ক্লাসের সামনে ডেকে Activity Bএর প্রশ্নগুলো একে অপরকে করতে বলুন ও তাদের উত্তর শুনুন। প্রয়োজনে সহায়তা করুন। এভাবে যতজন সম্ভব শিক্ষার্থীকে প্রশ্ন-উত্তর অনুশীলন করতে দিন। প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।

পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : C **পৃষ্ঠা : ২**	**বিষয়বস্তু :** Write the answers to the questions from Activity B in your exercise book. **উপকরণ :** পাঠ্যপুস্তক, খাতা, কলম	**শিখনফল :** Writing: 3.1.1, 8.1.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের কীভাবে পরস্পরের সঙ্গে পরিচিত হতে হয় (Hello! I'm…..) তা মনে করতে কিছুটা সময় দিন। এবার, দুজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং কীভাবে পরস্পরের সঙ্গে পরিচিত হতে হয় (Hello! I'm…..) তা করে দেখাতে বলুন। বলুন, পরিচয় দেয়ার সময় নিজের নাম, বয়স, কোন স্কুলে পড়ে তা উল্লেখ করতে। প্রয়োজনে সহায়তা করুন।
- Activity Bএর প্রশ্নগুলো এলোমেলোভাবে জিজ্ঞেস করুন এবং শিক্ষার্থীদের উত্তর দিতে উৎসাহিত করুন।
- বোর্ডে Activity Bএর প্রশ্নগুলো লিখে দিন এবং সব শিক্ষার্থীদের বোর্ডে লেখা প্রশ্নের উত্তরগুলো খাতায় লিখতে বলুন।
- একজন শিক্ষার্থীকে সামনে ডেকে Activity Bএর প্রশ্নগুলো করুন ও তার উত্তর শুনুন। প্রয়োজনে তার উত্তরগুলো বোর্ডে লিখে দিন এবং শিক্ষার্থীদের তাদের উত্তরগুলো যাচাই করে নিতে বলুন। সবগুলো প্রশ্ন নিয়ে একই কাজ করুন।
- শিক্ষার্থীদের নিজেদের খাতাগুলো একে অন্যের সাথে বিনিময় করে নিতে বলুন এবং একে অন্যের উত্তরগুলো যাচাই করতে বলুন। শিক্ষার্থীরা সঠিকভাবে কাজটি করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।

A. Look, listen and sing.

B. Listen, read and say.

Mita: Hello, I'm Mita. I'm in Class 4.
Salam: I'm Salam. I'm in Class 4, too. Nice to meet you. Who's your friend?
Mita: This is Ayesha. She's in Class 3.
Salam: Hello, Ayesha. Nice to meet you.
Ayesha: Hello. Nice to meet you, too. How are you?
Salam: I'm fine, thanks.

C. Groupwork. Act the dialogue from Activity B.

Attainable Competencies: Students will be able

Listening :

1.1 to recognize sound differences in the context of words.

1.4 to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements.

Speaking :

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.

2.1 to exchange greetings and farewells and make simple self- introductions/introductions. How do you do?

8.1 to take part in conversations on simple topics (likes/dislikes,hobbies, holidays, family, friends, etc.)

Reading :

1.4 to read words, phrases and sentences in the text.

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

1.7 to read short paragraphs,dialogues and simple letters.

Learning outcomes: Students will be able to

Listening :

1.1.1 recognize sound differences in the context of words.

1.4.1 recognize and use intonation patters for Wh-and Yes/No questions, greetings and statements.

Speaking :

1.1.1 repeat after the teacher and say words, phrases and sentences with proper sounds, stress and intonation.

2.1.1 exchange greetings and farewells.

8.1.1. take part in conversations onsimple topics (likes/dislikes,hobbies, holidays, family,friends, etc.).

Reading :

1.4.1 read words, phrases and sentences in the text.

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

1.7.1 read short paragraphs,dialogues and simple letters.

পাঠ বিভাজন : ২ পিরিয়ড।

পিরিয়ড : ৪ **পাঠ্যাংশ : A** **পৃষ্ঠা : ৩**	**বিষয়বস্তু :** Look, listen and sing. **উপকরণ :** পাঠ্যপুস্তক, বোর্ড, CD/Audio , পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি	**শিখনফল :** Listening : 1.1.1, 1.4.1 Speaking : 1.1.1, 2.1.1 Reading : 1.4.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- পাঠ্যপুস্তকের page 3 খুলুন এবং শিক্ষার্থীদের Activity Aএর ছবিটি দেখান। শিক্ষার্থীদের ছবিটি বর্ণনা করতে বলুন। তাদের ছবিটির পরিস্থিতি এবং ছবিতে কে কী করছে তা বর্ণনা করতে বলুন। কাজটি তাদেরকে জোড়ায় করতে বলুন। যতটা সম্ভব ইংরেজি ব্যবহার করুন।
- এবার গানটি গান এবং শিক্ষার্থীদের মনোযোগ শুনতে বলুন। Proper sound, stress and intonation ব্যবহার করে গানটি গান। প্রয়োজনে অডিও ফাইল C4U01L4-5A প্লে করুন।
- আর একবার গানটি গান এবং শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে proper sound, stress and intonation

ব্যবহার করে গানটি গাইতে বলুন।

- দুজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং গানটি গাইতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়ায়/দলে গানটি অনুশীলন করান। শিক্ষার্থীরা কাজটি সঠিক ভাবে অনুশীলন করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।

পিরিয়ড : ৫ **পাঠ্যাংশ :** B এবং C **পৃষ্ঠা :** ৩	**বিষয়বস্তু :** (B) Listen, read and say. (C) Groupwork. Act the dialogue from Activity B. **উপকরণ :** পাঠ্যপুস্তক, বোর্ড, CD/Audio	**শিখনফল :** Listening : 1.1.1, 1.4.1 Speaking : 1.1.1, 2.1.1, 8.1.1 Reading : 1.4.1, 1.5.1, 1.7.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- দুজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং কীভাবে পরস্পরের সঙ্গে কুশল বিনিময় করতে হয় তা করে দেখাতে বলুন।
- পাঠ্যপুস্তকের page 3 খুলুন এবং শিক্ষার্থীদের Activity Bএর ছবিটি দেখান। শিক্ষার্থীদের ছবিটি বর্ণনা করতে বলুন। তাদের ছবিটির পরিস্থিতি, দৃশ্য, এবং ছবিতে কে কী করছে তা বর্ণনা করতে বলুন। কাজটি তাদেরকে জোড়ায় করতে বলুন। যতটা সম্ভব ইংরেজি ব্যবহার করুন।
- সংলাপগুলো পড়ুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- সংলাপগুলো আর একবার পড়ুন/ অডিও ফাইল C4U01L4-5B প্লে করুন এবং শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে পড়তে বলুন।
- তিনজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং নিজেদের নাম ব্যবহার করে সংলাপগুলো অনুশীলন করান। প্রয়োজনে সহায়তা করুন।
- এবার সকল শিক্ষার্থীকে জিজ্ঞেস করুন, একে অপরের সাথে পরিচিত হওয়ার পর আমরা কী বলে থাকি ? শিক্ষার্থীরা বলবে " Nice to meet you."
- শিক্ষার্থীদের তিনজনের একটি দলে ভাগ হতে বলুন। প্রতিটি দলকে নিজেদের নাম ব্যবহার করে Activity Bএর সংলাপগুলো অনুশীলন করান। প্রয়োজনে সহায়তা করুন।
- তিনজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং নিজেদের নাম ব্যবহার করে সংলাপগুলো অভিনয় করে দেখাতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীরা কাজটি সঠিকভাবে অনুশীলন করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।

A. Look, listen and say.

Good morning.
Morning, mum!

Good afternoon, teacher.
Hello! Good afternoon!

Good evening.
Hello!

Good night! See you tomorrow.
Goodbye! See you at school.

B. Read the following sentences.Circle either *Hello*, *Morning*, Good afternoon or *Goodbye* as necessary.

Good morning	Morning!	Goodbye!
Good evening.	Hello!	Goodbye!
Good afternoon.	Good afternoon!	Goodbye!
Good night.	Hello!	Goodbye!

Attainable Competencies: Students will be able	Learning outcomes: Students will be able to
Listening:	**Listening:**
1.1 to recognize sound differences in the context of words.	1.1.1 recognize sound differences in the context of words.
1.4 to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements.	1.4.1 recognize and use intonation patters for Wh-and Yes/No questions, greetings and statements.
Speaking:	**Speaking:**
1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.	1.1.1 repeat after the teacher and say words, phrases and sentences with proper sounds, stress and intonation.
2.1 to exchange greetings and farewells and make simple self- introductions/ introductions. How do you do?	2.1.1 exchange greetings and farewells.
Reading:	**Reading:**
1.4 to read words, phrases and sentences in the text.	1.4.1 read words, phrases and sentences in the text.
1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.	1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
	1.6.1 recognize and read statements, commands, greetings, questions & answers.

পাঠ বিভাজন : ২ পিরিয়ড

পিরিয়ড : ১ পাঠ্যাংশ : A পৃষ্ঠা : ৪	বিষয়বস্তু : A. Look, listen and say. উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio , পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি	শিখনফল : Listening:1.1.1, 1.4.1 Speaking:1.1.1, 2.1.1 Reading :1.4.1, 1.5.1, 1.6.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, “How are you today? তাদেরকে “Fine, thank you.” বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদেরকে নিজ জায়গায় বসে গত Unitএর গানটি গাইতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- বোর্ডে একটি চাঁদ এবং একটি সূর্যের ছবি আঁকুন এবং শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন কখন তারা এগুলো দেখতে পায়। যেমনঃ When do you see the moon? When do you see the sun? সব শিক্ষার্থীদের একত্রে জিজ্ঞাসা করুন।
- পাঠ্যপুস্তকের page 4 খুলুন এবং শিক্ষার্থীদের Activity Aএর ছবিগুলো দেখান। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন তারা ছবিগুলোতে কী কী দেখতে পারছে। ছবিগুলোতে সূর্য ও চাঁদের বিভিন্ন সময়ের অবস্থান দেখিয়ে কোনটি কোন সময়ের ছবি তা জানতে চান এবং উত্তর শুনুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন Speech bubbles- এর কোন কোন শব্দ তারা চিনতে পারছে। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।

- Speech bubbles এর সংলাপগুলো পড়ুন/অডিও ফাইল C4U02L1-2A প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- সংলাপগুলো আর একবার পড়ুন/অডিও ফাইল প্লে করুন এবং শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের কাছে জানতে চান প্রতিটি ছবিতে কী কী হচ্ছে এবং Good morning, Good afternoon, Good evening, Good night কোন সময়ে ব্যবহার করা হচ্ছে। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- Good morning, Good afternoon, Good evening, Good night বাক্যগুলো বোর্ডে লিখে সময় অনুযায়ী সম্ভাষণগুলো/greeting গুলো লিখুন। যেমন: morning (সকাল): Good morning, afternoon (দুপুর): Good afternoon, evening (সন্ধ্যা): Good evening ইত্যাদি।
- শিক্ষার্থীদের কাছে আরো জানতে চান Good morning, Good afternoon, Good evening, Good night এর উত্তরে আমরা কী বলে থাকি? উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- Speech bubblesএর সংলাপগুলো শিক্ষার্থীদের জোড়ায় পড়তে বলুন। এসময় ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় Hello, Good morning; Hello, Good afternoon; Hello, Good evening এবং Good night অনুশীলন করতে বলুন। তাদেরকে বুঝিয়ে দিন যে Good nightএর আগে Hello বলার প্রয়োজন নেই।
- দুই/চার জোড়া শিক্ষার্থীকে ডেকে সংলাপগুলো অভিনয় করে দেখাতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের তাদের জায়গায় বসে Good morning, Good afternoon, Good evening, Good night কোন কোন সময়ে ব্যবহার করা হয় তা নিয়ে আলোচনা করতে বলুন। শিক্ষার্থীরা সঠিকভাবে কাজটি করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখল তা জানার জন্য কিছু প্রশ্ন করুন। যেমন: সকালে কারো সাথে দেখা হলে আমরা কী বলি? বিকালে/দুপুরে/সন্ধ্যায় কারো সাথে দেখা হলে আমরা কী বলি?
- শেষে শিক্ষার্থীদের Thank you, that's all for today. বলে শ্রেণিকক্ষ ত্যাগ করুন।

পিরিয়ড : ২ **পাঠ্যাংশ :** B **পৃষ্ঠা :** ৪	**বিষয়বস্তু :** Read the following sentences. Circle Hello, Morning, Good afternoon or Goodbye as necessary. **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio	**শিখনফল :** Listening : 1.1.1, 1.4.1 Speaking : 1.1.1, 2.1.1 Reading : 1.4.1, 1.5.1, 1.6.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলার পর শিক্ষার্থীদের কাছে জানতে চান Good morning, Good afternoon, Good evening, Good night শব্দগুলো আমরা কোন সময়ে ব্যবহার করে থাকি। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের কাছে আরো জানতে চান Good morning, Good afternoon, Good evening, Good night এর উত্তরে আমরা কী বলে থাকি? উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।

- বোর্ডে Good morning, Good afternoon, Good evening, Good night শব্দগুলো একটি কলামে লিখুন। পাশের আরেকটি কলামে Hello, Morning, Good afternoon এবং Goodbye লিখুন।
- এক একটি শব্দ বোর্ডে নির্দেশ করুন এবং উচ্চারণ করুন। শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে পড়তে বলুন।
- এবার এলোমেলোভাবে এক একটি শব্দ নির্দেশ করুন এবং শিক্ষার্থীদের সঠিকভাবে শব্দগুলো পড়তে বলুন।
- শিক্ষার্থীদের আবারও Activity Aএর প্রথম ছবিটি ও সংলাপগুলো দেখতে বলুন। ছবিটিতে মা কী বলছে এবং তার উত্তরে ছেলেটি কী বলছে তা বলুন। মা ও ছেলে কীভাবে সময় অনুসরণ করে Good morning, Good afternoon, Good evening, Good night বলছে তা নির্দেশ করুন। অবশিষ্ট ছবিগুলোর ক্ষেত্রে একই প্রক্রিয়া অনুসরণ করুন।
- প্রয়োজনে এই লেসনের অডিও ফাইল C4U02L1-2A প্লে করুন।
- শিক্ষার্থীদের কাছে আরো জানতে চান Good morning, Good afternoon, Good evening, Good night এর উত্তরে আমরা কী কী বলে থাকি? উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- আবারও বোর্ডে লেখা Good morning শব্দটি নির্দেশ করুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন Good morning এর সঠিক response কোনটি? Hello নাকি Goodbye? Good morning থেকে Hello বরাবর একটি লাইন টানুন।
- একই প্রক্রিয়ায় বাকি expression গুলোর সঠিক response কোনটি হবে তা ৩/৪জন শিক্ষার্থীকে ডেকে জেনে নিন। শিক্ষার্থীরা বোর্ডে expression এর সাথে response মিলিয়ে লাইন টানবে।
- শিক্ষার্থীদের তাদের জায়গায় বসে জোড়ায় জোড়ায় বিভিন্ন expression ও সঠিক responseগুলো অনুশীলন করতে বলুন। শিক্ষার্থীরা সঠিকভাবে কাজটি করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের Activity Bএর নির্দেশনাটি পড়তে বলুন। প্রয়োজনে বোর্ডে একটি Activity করে দেখান। শিক্ষার্থীদের Activity Bএর কাজটি পাঠ্যপুস্তকে করতে বলুন। শিক্ষার্থীরা সঠিকভাবে কাজটি করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কতটা শিখলো তা বোঝার জন্য কিছু প্রশ্ন করুন।
- শেষে শিক্ষার্থীদের Thank you, that’s all for today. বলে শ্রেণিকক্ষ ত্যাগ করুন।

A. Look, listen and say.

B. Look, listen and say.

Hasan: Good afternoon, Sabina.
Sabina: Good afternoon, Hasan.
Hasan: Where are you going?
Sabina: I'm going to buy some books.
Hasan: OK. Bye!
Sabina: Bye!

C. Pairwork. Act dialogues as in Activity B. Use the pictures.

Attainable Competencies: Students will be able		Learning outcomes: Students will be able to	
Listening :		**Listening :**	
1.1	to recognize sound differences in the context of words.	1.1.1	recognize sound differences in the context of words.
1.4	to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements.	1.4.1	recognize and use intonation patters for Wh-and Yes/No questions, greetings and statements.
3.2	to understand questions about family and friends of students.	3.2.1	understand questions about family and friends.
3.3	to understand questions about objects around them.	3.3.1	understand questions about objects around them.
3.4	to understand statements made by the teacher and students.	3.4.1	understand statements made by the teacher and students.
Speaking :		**Speaking :**	
1.1	to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.	1.1.1	repeat after the teacher and say words, phrases and sentences with proper sounds, stress and intonation.
2.1	to exchange greetings and farewells and make simple self- introductions/ introductions.How do you do?	2.1.1	exchange greetings and farewells.
3.1	to ask and answer Wh and Yes/No questions.	3.1.1	ask and answer Wh questions.
6.2	to talk about people, objects, events, etc	6.2.1	talk about people, objects, events, etc
8.1	to take part in conversations on simple topics (likes/dislikes, hobbies, holidays, family, friends, etc.)	8.1.1.	take part in conversations on simple topics (likes/dislikes, hobbies, holidays, family, friends, etc.).
Reading :		**Reading :**	
1.4	to read words, phrases and sentences in the text.	1.4.1	read words, phrases and sentences in the text.
1.5	to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.	1.5.1	read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6	to recognize and read statements, commands, greetings, questions and answers.	1.6.1	recognize and read statements, commands, greetings, questions & answers.
1.7	to read short paragraphs, dialogues and simple letters.	1.7.1	read short paragraphs, dialogues and simple letters.

পাঠ বিভাজন : ২ পিরিয়ড।

পিরিয়ড : ৩ **পাঠ্যাংশ :** A and B **পৃষ্ঠা :** ৫	**বিষয়বস্তু :** Look, listen and say. **উপকরণ :** পাঠ্যপুস্তক, বোর্ড, CD/Audio , পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি	**শিখনফল :** Listening : 1.1.1, 1.4.1,3.2.1, 3.4.1 Speaking : 1.1.1, 2.1.1, 3.1.1, 8.1.1 Reading : 1.4.1, 1.5.1, 1.6.1, 1.7.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের গত লেসনের বিষয়বস্তু মনে করিয়ে দেয়ার জন্য একটি বল গেইম খেলুন। আপনি Good morning বা Good afternoon বলে একজন শিক্ষার্থীকে বলটি ছুড়ে দিন, শিক্ষার্থী এর উত্তরে Hello বলার পর Good evening বা Good night বলে অন্য শিক্ষার্থীকে বলটি ছুড়ে দিবে। এভাবে অল্প সময়ের মধ্যে খেলাটি শেষ করুন। এক্ষেত্রে শিক্ষার্থীদের বলা উত্তরগুলো খেয়াল করুন।
- পাঠ্যপুস্তকের page 5 খুলুন এবং শিক্ষার্থীদের Activity Aএর ছবিগুলো দেখান। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন 'What do you see in the picture?' উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন Speech bubbles-এর কোন শব্দ কি তারা চিনতে পারছে কি না। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- Speech bubblesএর সংলাপগুলো পড়ুন/অডিও ফাইল C4U02L3-4A প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- সংলাপগুলো আরও একবার পড়ুন/অডিও প্লে করুন এবং শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে বলতে বলুন।
- শিক্ষার্থীদের কিছু প্রশ্ন করুন যেমন: "What time of the day is it? How do you know? What are the people going to do?" ইত্যাদি।
- শিক্ষার্থীদের জোড়ায় সংলাপগুলো অভিনয় করতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- এবার শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের page 5এর Activity Bএর ছবিগুলো দেখতে বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন তারা ছবিগুলোতে কী কী দেখতে পারছে । উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- সংলাপটি পড়ুন/অডিও ফাইল C4U02L3-4B প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, Activity A ও Activity Bএর সংলাপগুলোর মধ্যে কোনো পার্থক্য তাদের চোখে পড়ছে কি না। শিক্ষার্থীদের চিন্তা করার জন্য সময় দিন, তাদের উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের বলুন, Activity Bএর সংলাপগুলো speech bubbleএর মধ্যে নয়। তাদের বুঝিয়ে বলুন কীভাবে সংলাপগুলো সাজানো হয়েছে, বক্তা কে, শ্রোতা কে, কীভাবে বোঝা যাচ্ছে ইত্যাদি। বিভিন্ন প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীরা কতটুকু বুঝতে পেরেছে তা যাচাই করে নিন।
- দুই/চার জোড়া শিক্ষার্থীকে ডেকে Activity Bএর সংলাপগুলো অভিনয় করে দেখাতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শেষে শিক্ষার্থীদের Thank you, that's all for today. বলে শ্রেণিকক্ষ ত্যাগ করুন।

পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : C পৃষ্ঠা : ৫	**বিষয়বস্তু :** Pairwork. Act the dialogues as in Activity B. Use the pictures. **উপকরণ :** পাঠ্যপুস্তক, বোর্ড, CD/Audio ,	**শিখনফল:** Listening : 3.3.1 Speaking : 1.1.1, 6.2.1

শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় Activity Bএর সংলাপগুলো অভিনয় করতে বলুন।
- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বা Good afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় Activity Bএর সংলাপগুলো অভিনয় করতে বলুন।
- ক্লাসের কিছু বস্তু যেমন: ব্যাগ, টিফিন বক্স, পানির বোতল নির্দেশ করুন। ইংরেজিতে বস্তুগুলোর নাম বলতে বলুন। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- সকল শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন তারা যদি কোনো জিনিস কিনতে চায় তাহলে কীভাবে বলবে। প্রয়োজনে আপনি বোর্ডে বাক্যটি লিখে দিন।
- দুই/তিনজন শিক্ষার্থীকে একই প্রক্রিয়ায় বিভিন্ন বস্তু যেমন: কলম, পেন্সিল ইত্যাদি দিয়ে ইংরেজিতে কোনো জিনিস কেনার জন্য বাক্যটি কীভাবে বলবে তা জিজ্ঞেস করুন। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- Activity Cএর ছবিগুলো দেখে ইংরেজিতে বস্তুগুলোর নাম বলতে বলুন। উত্তর শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- একজন শিক্ষার্থীকে সামনে ডাকুন। তার সাথে আপনি জুটি বেঁধে Activity Cএর যেকোনো ছবি ব্যবহার করে Activity Bএর সংলাপগুলো অভিনয় করুন।
- এবার শিক্ষার্থীদের নিজ জায়গায় বসে জুটিতে Activity Cএর ছবিগুলো ব্যবহার করে Activity Bএর সংলাপগুলো অনুশীলন করতে বলুন।
- শিক্ষার্থীরা তাদের জায়গায় বসে কাজটি সঠিকভাবে করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- এক/দুইটি জুটিকে সামনে ডেকে Activity Cএর ছবিগুলো ব্যবহার করে Activity Bএর সংলাপগুলো অনুসরণ করে অভিনয় করে দেখাতে বলুন।
- শেষে শিক্ষার্থীদের Thank you, that's all for today. বলে শ্রেণিকক্ষ ত্যাগ করুন।

A. Look at the picture of the family. How many people are in the family? What do you think the people do?

B. Read.

Farzana and Jamil are from Kushtia. They go to Chachua Primary School. Farzana is nine years old. She is in Class 4. Jamil is seven years old. He is in Class 2. They like school and they are good students.

Farzana and Jamil's mother is Rehana Parvin. She is 33 years old. She works at a hospital in Kushtia. She is a doctor. She takes care of many patients every day. She likes her job very much.

Syed Ahmed is Parvin's husband and the children's father. He is a pilot for Bangladesh Airways. He flies to other countries. He travels to India, Thailand and China often. He loves to travel. He is 39 years old.

Attainable Competencies: Students will be able		Learning outcomes: Students will be able to	
Listening :		**Listening :**	
1.1	to recognize sound differences in the context of words.	1.1.1	recognize sound differences in the context of words.
